# সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় সক্রিয় সরকার: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

স্বরাষ্ট্র উপদেষ্টা অবসরপ্রাপ্ত লে. জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, দেশে কিছু ফ্যাসিস্ট ইন্টেলেকচুয়াল সম্প্রদায়ের মধ্যে বিভেদ সৃষ্টি করার চেষ্টা করছে। তিনি জানান, সরকার এসব পরিস্থিতি নিয়ন্ত্রণ ও সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় পদক্ষেপ নিচ্ছে।

অবসরপ্রাপ্ত লে. জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী শুক্রবার (১০ অক্টোবর) সন্ধ্যায় আশুলিয়ায় বোধিজ্ঞান ভাবনা কেন্দ্রে অনুষ্ঠিত ‘কঠিন চীবর দানোৎসব’ অনুষ্ঠানে দেশের সাম্প্রদায়িক পরিস্থিতি নিয়ে বলেন, “দেশে কিছু ফ্যাসিস্ট ইন্টেলেকচুয়াল রয়েছে, যারা বিভিন্ন ধর্মের মানুষের মধ্যে বিভেদ সৃষ্টি করার চেষ্টা করছে।”

তিনি আরও উল্লেখ করেন, সম্প্রতি দুর্গা পূজার সময় অসুরের মুখে দাড়ি লাগিয়ে কিছু ব্যক্তি পূজা আয়োজন করলে তাদেরকেও আইনের আওতায় আনা হয়েছে। এই ধরনের বিচ্ছিন্ন ঘটনায় হিন্দু সম্প্রদায়ের মধ্যে দুঃখের প্রকাশ ঘটে।

কঠিন চীবর দান অনুষ্ঠানে তিনি সবাইকে আহ্বান জানান, অত্যাচার ও অবিচারের বিরুদ্ধে সচেতনতা বাড়াতে এবং বিশ্ব মানবতার কল্যাণে কাজ করতে। স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, সরকার নিয়মিত পদক্ষেপ নিয়ে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ।

LENS ASIA